



জেলা পরিষদ কার্যালয়

পাবনা।

www.zppabna.gov.bd

স্মারক নং-৪৬.০০.৭৬০০.০০৯.৩৪.০০১.২৩.১৭৪

তারিখঃ ০৬-০৬-২০২৪ খ্রিঃ।

শিক্ষা বৃত্তি বিজ্ঞপ্তি ০১/২০২৩-২৪

পাবনা জেলা পরিষদের নিজস্ব তহবিলের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরে ২০২৪ সালে এস. এস. সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রী এবং বাংলাদেশের বিভিন্ন কলেজ/পাবলিক বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয়, প্রকৌশল/বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজ/মাদ্রাসাসমূহে স্নাতক, স্নাতক (সম্মান), স্নাতকোত্তর/সম্মান শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত পাবনা জেলার স্থায়ী বাসিন্দা নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তে গরীব মেধাবী ছাত্র/ছাত্রীদের শিক্ষা বৃত্তি প্রদানের জন্য নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে :

শর্তাবলী :

১. আবেদনকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই পাবনা জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত কলেজ বা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
২. ২০২৪ সনে এস.এস.সি ও ২০২৩ সনে এইচ. এস. সি বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ প্রাপ্ত হতে হবে এবং মুক্তিযোদ্ধা পোষা/প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে জিপিএ ৪.০০ থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধা পোষা প্রমাণের জন্য মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি ও স্থানীয় চেয়ারম্যান/পৌরসভার কাউন্সিলর এর প্রত্যয়ন এবং প্রতিবন্ধী প্রমাণের ক্ষেত্রে উপজেলা/সমাজসেবা কার্যালয় থেকে প্রদত্ত প্রত্যয়ন দাখিল করতে হবে।
৩. স্নাতক পর্যায়ে অধ্যয়নরতদের পূর্ববর্তী বার্ষিক/সেমিস্টার পরীক্ষায় প্রথম শ্রেণি/ জিপিএ-৩.০০ (৪.০০ এর মধ্যে) প্রাপ্ত হতে হবে এবং মুক্তিযোদ্ধা পোষা/প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে জিপিএ- ২.৭৫ (৪.০০ এর মধ্যে) থাকতে হবে।
৪. যে সমস্ত ছাত্র/ছাত্রীর অভিভাবকের মাসিক আয় ১৫,০০০/- (পনের হাজার) টাকার উর্ধ্বে নয় তারা আবেদন করতে পারবেন।
৫. আবেদনকারী কোন ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৬. আবেদন ফরমে বর্ণিত সকল তথ্য না থাকলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
৭. কর্তৃপক্ষ উল্লিখিত শর্তসহ যে কোন শর্ত সংযোজন/সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
৮. শিক্ষা বৃত্তি বিষয়ে যাবতীয় তথ্যাবলী জেলা পরিষদ, পাবনা অফিস হতে জানা যাবে।
৯. ২০২৪ সালে এস. এস. সি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের বৃত্তি গ্রহণের সময় অবশ্যই মূল সনদ অথবা মার্কশিট প্রদর্শন করতে হবে।
১০. প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান/রেজিস্ট্রারের স্বাক্ষর জাল প্রমানিত হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১১. নির্ধারিত আবেদন ফরম বিনামূল্যে অত্রাফিস, দেশের বিভিন্ন কলেজ/বিশ্ববিদ্যালয়/প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজ এবং জেলা পরিষদ, পাবনা এর [website www.zppabna.gov.bd](http://www.zppabna.gov.bd) এর মাধ্যমে সংগ্রহ করা যাবে। আবেদন ফরম আগামী ৩০-০৬-২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ৫ (পাঁচ) টার মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এর স্বাক্ষরসহ নিম্নস্বাক্ষরকারীর অফিসে অবশ্যই পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
১২. আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজাদি অবশ্যই সংযুক্ত করতে হবে :
 - ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও নম্বর পত্রের সত্যায়িত কপি।
 - খ) আবেদনকারীর সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
 - গ) পাবনা জেলার স্থায়ী বাসিন্দা মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র এর প্রত্যয়ন পত্র।
 - ঘ) অভিভাবকের বার্ষিক আয়ের প্রত্যয়ন পত্র।
 - ঙ) জন্ম নিবন্ধন সনদ/এনআইডি কার্ডের সত্যায়িত কপি।
 - চ) মুক্তিযোদ্ধা পোষা/প্রতিবন্ধীর স্বপক্ষে সত্যায়িত সনদ (যদি থাকে)।

২০/৬/২৪

(মোহাম্মদ অতুল মন্ডল)

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

জেলা পরিষদ, পাবনা

ফোন : ০২৫৮৮৮৪৫৮৫৯

মোবাইল : ০১৭১১-৯৭৭৭১১

E-mail: ceozppabna@gmail.com

বিজ্ঞপ্তিটি মোটশি বোর্ডে প্রকাশের জন অনুরোধ করা হল :

রেজিস্ট্রার/অধ্যক্ষ

স্বাক্ষরিত/স্বাক্ষরিত/স্বাক্ষরিত/স্বাক্ষরিত/স্বাক্ষরিত

জেলা পরিষদ কার্যালয়
পাবনা

www.zppabna.gov.bd

শিক্ষা বৃত্তির আবেদন পত্র (২০২৩-২৪)
(শুধুমাত্র গরীব মেধাবী ছাত্র/ছাত্রীদের জন্য)

পাসপোর্ট সাইজের
ছবি

- ১। আবেদনকারীর নাম : ২। পিতার নাম :
- ৩। মাতার নাম :
- ৪। স্থায়ী ঠিকানা : গ্রাম/মহল্লা..... ইউনিয়ন/পৌরসভা.....
উপজেলা/থানা..... জেলা.....
- ৫। জন্ম তারিখ : জন্ম নিবন্ধন সনদ নং :
- ৬। বর্তমান যোগাযোগের ঠিকানা (Postal Address) :
গ্রাম/মহল্লা..... সড়ক.....
ডাকঘর..... উপজেলা..... জেলা..... মোবাইল নং.....
- ৭। অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :
- ৮। অধ্যয়নের বিষয় : বর্ষ শ্রেণীর ক্রমিক নং
- ৯। ছাত্র-ছাত্রীর আবাসিক হলের ঠিকানা :

১০। শিক্ষাগত যোগ্যতার বিবরণ :

পরীক্ষার নাম	উত্তীর্ণ বছর	প্রাপ্ত জিপিএ	মোট প্রাপ্ত নম্বর	বোর্ড/বিশ্ববিদ্যালয়	মন্তব্য

১১। ছাত্র-ছাত্রীর অন্যান্য ভাই-বোন শিক্ষার্থী হলে তার বিবরণ :

ক্রমিক নং	ভাই-বোনের নাম	অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নাম	শ্রেণী	জেলা পরিষদে বৃত্তির জন্য আবেদন করেছেন কি না

১২। ছাত্র/ছাত্রীর অন্যান্য ভাই/বোন চাকুরীজীবী ব্যবসায়ী হলে তার বিবরণ :

১৩। নিজ জেলার নাম : ১৪। পিতা/অভিভাবকের পেশার বিবরণ :

১৫। আবেদনকারী অন্য কোন প্রতিষ্ঠান থেকে বৃত্তি পেয়ে থাকলে তার বিবরণঃ

১৬। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ (ক্রমিক নং ১০, ১৫ যাচাই পূর্বক আবেদন পত্রের ১টি ফটোকপি শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো) :

১৭। ২ (দুই) জন পরিচয়দানকারী ব্যক্তির নাম, ঠিকানা, ফোন নম্বর :

১ম পরিচয়দানকারী

২য় পরিচয়দানকারী :

নাম :
ঠিকানা :
ফোন নং :
আবেদনকারীর সাথে সম্পর্ক :

নাম :
ঠিকানা :
ফোন নং :
আবেদনকারীর সাথে সম্পর্ক :

আবেদনকারীর স্বাক্ষর.....

শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/কর্তৃপক্ষের স্বাক্ষর
ও সার্বক্ষমিক যোগাযোগ করতে
মোবাইল নং

অনুগ্রহ করে